# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৬২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩) ফজর ও আসর নামাযের প্রতি যত্নবান হওয়ার প্রতি উদ্বুদ্ধকরণ

## الترغيب في المحافظة على الصبح والعصر

আরবী

(صحيح لغيره) وَعَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: " مَنْ صَلَّى صَلَاةَ الصُّبْحِ فَهُوَ فِي ذِمَّةُ اللهِ، فَلَا تُخْفِرُوا اللهَ تبارك وتعالى فِي ذِمَّتِهِ، فَإِنَّهُ مَنْ أَخْفَرَ ذِمَّتَهُ طَلَبَهُ اللهُ تبارك وتعالى حَتَّى يُكِبَّهُ عَلَى وَجْهِهِ.رواه أحمد والبزار والطبراني في الكبير والأوسط بنحوه

বাংলা

৪৬২. (ছহীহ্ লি গাইরিহী) ইবনে ওমার (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ’’যে ব্যক্তি ফজরের ছালাত আদায় করবে সে আল্লাহ্ তাবারাকা ওয়া তা’আলার জিম্মাদারীতে এসে যাবে। অতএব তোমরা আল্লাহ্ তাবারাকা ওয়া তা’আলার জিম্মাদারীকে ভঙ্গ করো না। কেননা যে ব্যক্তি আল্লাহর জিম্মাদারীকে ভঙ্গ করবে আল্লাহ্ তাবারাকা ওয়া তা’আলা তাকে পাকড়াও করবেন। শেষ পর্যন্ত তাকে মুখের উপর উল্টো করে জাহান্নামে নিক্ষেপ করবেন।’’

(হাদীছটি বর্ণনা করেছেন ইমাম আহমাদ ২/১১১, বাযযার ৩৩৪২। ত্বাবরানী [কাবীর ও আওসাত গ্রন্থদ্বয়ে অনুরূপভাবে বর্ণনা করেছেন ২/১৬৬। এ হাদীছের শুরুতে একটি ঘটনা আছেঃ

হাজ্জাজ বিন ইউসুফ সালেম বিন আবদুল্লাহকে দায়িত্ব দিয়েছিল জনৈক লোককে হত্যা করার জন্যে। তখন সালেম তাকে জিজ্ঞেস করল: তুমি ফজরের নামায পড়েছো? লোকটি বলল: হ্যাঁ। তখন তাকে বলল: তাহলে তুমি চলে যাও। হাজ্জাজ তাকে প্রশ্ন করল: লোকটিকে হত্যা করলে না কেন?

সালেম বলল: আমার পিতা আমার কাছে হাদীছ বর্ণনা করেছেন। তিনি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে একথা বলতে শুনেছেন যে, ’’যে ব্যক্তি ফজরের নামায আদায় করবে সেদিন সে আল্লাহর আশ্রয়ে এসে যাবে।’’

এজন্যে আমি এমন একটি লোককে হত্যা করা অপছন্দ করলাম যাকে আল্লাহ্ আশ্রয় দিয়েছেন। তখন হাজ্জাজ

ইবনে ওমার (রাঃ) কে জিজ্ঞেস করল: আপনি একথাটি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে শুনেছেন? ইবনে ওমার বললেনঃ হ্যাঁ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88242

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন